

তারিখ: 10/03/2017

**আর বি আই লক্ষনৌ, উত্তর প্রদেশ স্থিত দ্য ইন্ডিয়ান মারকেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি জারি করা বিশেষ
নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) লক্ষনৌ স্থিত দ্য ইন্ডিয়ান মারকেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ পর্যালোচনার সাপেক্ষে মার্চ 12, 2017 থেকে সেপ্টেম্বর 11, 2017 পর্যন্ত আরও ছয় মাসের জন্য বৃদ্ধি করল। উক্ত ব্যাঙ্কটিকে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –র উপধারা (1)-এর অধীনে জারি করা জুন 4, 2014 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে জুন 12, 2014 থেকে বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল।

প্রাপ্ত আদেশবিধি পরিমার্জন করা হয়েছিল/ এটির মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল জুলাই 30, 2014, ডিসেম্বর 8, 2014, জুন 2, 2015, সেপ্টেম্বর 7, 2015, অক্টোবর 19, 2015, ডিসেম্বর 07, 2015, মার্চ 04, 2016, সেপ্টেম্বর 02, 2016, এবং নভেম্বর 25, 2016 তারিখাঙ্কিত আর বি আই আদেশবিধিগুলির মাধ্যমে। আদেশবিধিটির বৈধতার মেয়াদ, যা শেষবার মার্চ 11, 2017 অবধি বৃদ্ধি করা হয়েছিল, পর্যালোচনার সাপেক্ষে, সেটি মার্চ 09, 2017 তারিখাঙ্কিত পরিমার্জিত আদেশবিধির মাধ্যমে মার্চ 12, 2017 থেকে সেপ্টেম্বর 11, 2017 পর্যন্ত আরও ছয় মাস সময়কালের জন্য বাড়ান হল। বিশেষ নিয়ন্ত্রণবিধিটিরও পরিমার্জন করা হয়েছে এবং ব্যাঙ্কটিকে অনুমতি প্রদান করা হয়েছে কিছু নির্দিষ্ট শর্তসাপেক্ষে একই ঋণগ্রহীতার ক্ষেত্রে আমানতরাশির ভিত্তিতে ঋণরাশির সামঞ্জস্য সাধন করতে। মার্চ 09, 2017 তারিখাঙ্কিত উক্ত আদেশবিধির প্রতিলিপি জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উক্ত আদেশবিধির এই পরিমার্জন থেকে স্বতই এই অর্থ নির্ধারণ সমীচীন নয় যে ব্যাঙ্কটির আর্থিক অবস্থার উন্নতি অথবা অবনতি হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত আদেশবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

প্রেস প্রকাশনি : 2016-2017/2428

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা